

‘শেখ হাসিনার দিনবদলে, সমাজসেবা এগিয়ে চলে’

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০৫৪.১৪. ০৩

তারিখ: ০৪ মাঘ ১৪২৫
২৭ জানুয়ারি ২০১৯

বিষয়: ভূয়া নিয়োগপত্রের মাধ্যমে কর্মরত ব্যক্তিদের সম্পর্কে তথ্য প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমাজসেবা অধিদফতরের আওতায় বিভিন্ন জেলার বিভিন্ন উপজেলায় ভূয়া নিয়োগ পত্রের মাধ্যমে কিছু সংখ্যক ব্যক্তি কর্মরত আছেন মর্মে অভিযোগ পাওয়া যায়। সমাজসেবা অধিদফতর হতে প্রাপ্ত অভিযোগ তদন্ত করে নাটোর ও রাজশাহী জেলাধীন বিভিন্ন কার্যালয়ে মোট ১৫ জন ব্যক্তি কর্মরত থাকার বিষয়টি নিশ্চিত হওয়া যায়। ইতোমধ্যে ভূয়া নিয়োগ প্রাপ্তদের মধ্য হতে ১২ জনের বেতন ভাতাদি বন্ধ করাসহ তাদের বিরুদ্ধে সংশ্লিষ্ট কার্যালয় হতে ফৌজদারী মামলা দায়ের করা হয়েছে। অপর ৩ জনের বিরুদ্ধেও অনুরূপ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। এধরনের ভূয়া নিয়োগ পত্রের মাধ্যমে সমাজসেবা অধিদফতরাধীন ৬৪ জেলার বিভিন্ন কার্যালয়/প্রতিষ্ঠানে আরও কোন ব্যক্তি কর্মরত আছে কিনা তা জরুরি ভিত্তিতে যাচাই করে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

বর্ণিতাবস্থায়, ভূয়া নিয়োগপত্রের মাধ্যমে তার জেলাধীন বিভিন্ন কার্যালয়/প্রতিষ্ঠানে কোন ব্যক্তি কর্মরত আছে কিনা তা উত্তমরূপে যাচাই করে পত্র প্রাপ্তির ১৫(পনের) দিনের মধ্যে প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরি।

উপপরিচালক
জেলা সমাজসেবা কার্যালয়(সকল)
.....।

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০৫৪.১৪.

গাজী মোহাম্মদ নূরুল করিম
মহাপরিচালক
ফোন: ৯১৩১৯৬৬

তারিখ: ০৪ মাঘ ১৪২৫
২৭ জানুয়ারি ২০১৯

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক(প্রশাসন ও অর্থ/কার্যক্রম/প্রতিষ্ঠান), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
৩. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ৩৮৩ রাজাক প্লাজা(১১ তলা), মগবাজার চৌরাস্তা, ঢাকা/রাজশাহী/খুলনা/রংপুর/ময়মনসিংহ/সিলেট/ ৮১ মুরাদপুর, চট্টগ্রাম/ বরিশাল।
৪. উপপরিচালক(প্রকাশনা, গবেষণা ও মূল্যায়ন), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদফতরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২. সহকারী পরিচালক(অর্থ/প্রশাসন-১/২), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

মোঃ সাফায়েত হোসেন তালুকদার
উপপরিচালক(প্রশাসন ও অর্থ)